

**কোটেশন বিজ্ঞপ্তি**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদিত সরকারি-বেসরকারি নার্সিং কলেজসমূহে ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে ২০২২-২৩ শিক্ষাবর্ষে অভিন্ন ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তির আবেদন অনলাইন প্রক্রিয়ায় (Web & SMS based) সম্পন্নকরণ, OMR Sheet প্রস্তুতকরণ, ভর্তি পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ ও ভর্তি সংক্রান্ত নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন/ সরবরাহের জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

মন্ত্রণালয়/ বিভাগ	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
কাজের নাম	ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তির আবেদনপত্র অনলাইন প্রক্রিয়ার (Web & SMS based) মাধ্যমে সম্পন্নকরণ, OMR Sheet প্রস্তুতকরণ ও ভর্তি সংক্রান্ত তথ্য SMS এর মাধ্যমে ভর্তিচ্ছুক প্রার্থীদের অবহিতকরণ এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন সম্পন্নকরণ।
সংগ্রহ পদ্ধতি	PPR- 2008
বাজেট ও টাকার উৎস	রাজস্ব বাজেট (পরীক্ষা সংক্রান্ত আয়-ব্যয় কোড হতে)
বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	৩১/১০/২০২২ খ্রি.
কোটেশন জমা দেয়ার স্থান	পরিচালক (শিক্ষা) এর অফিস কক্ষ, কক্ষ নং- ৭০৬ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
কোটেশন জমা দেয়ার তারিখ ও সময়	০৯/১১/২০২২ খ্রি., দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত (অফিস চলাকালীন)।
কোটেশন খোলার তারিখ, সময় ও স্থান	০৯/১১/২০২২ খ্রি., দুপুর ২.০০ ঘটিকা পরিচালক (শিক্ষা) এর অফিস কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
কোটেশন আহ্বানকারী	মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২। শর্তাবলি:

- ক. কোটেশন দাতা/ সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে কোটেশন দাখিল করতে হবে।
- খ. কোটেশন দাতা/ দাতাগণ-কে যোগ্যতার সমর্থনে ২০২২-২৩ সালের হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- গ. ভাট ও রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি এবং ইনকাম ট্যাক্স সার্টিফিকেট/ টিন সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ঘ. সীলমোহরযুক্ত খামে কোটেশন দাখিল করতে হবে এবং খামের উপরিভাগে স্পষ্টাক্ষরে কোটেশন শব্দটি লিখতে হবে।
- ঙ. এ খাতে অর্থ বরাদ্দ সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- চ. কোটেশন আহ্বানকারী কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩। এ বিজ্ঞপ্তি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হলো।

 ৩১/১০/২২

মো: রশিদুল মান্নান কবীর

(উপসচিব)

পরিচালক (শিক্ষা)

ও সদস্য সচিব, ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি

অনুলিপি: জ্ঞাতার্থে/ কার্যার্থে

- ১। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সহকারি পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
- ৭। নোটিশ বোর্ড, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা/ ০১ নম্বর গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ ডিএনসিসি মার্কেট, কাচা বাজার, মহাখালী, ঢাকা/ এ অধিদপ্তর, ঢাকা।

 ৩১/১০/২২  
পরিচালক (শিক্ষা)